



প্রেস বিজ্ঞপ্তি

মঙ্গলবার, ২২ মার্চ, ২০১৬

বেলজিয়ামের সন্ত্রাসী হামলায় আহমদীয়া মুসলিম জামা'ত প্রধানের নিন্দা জ্ঞাপন

নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের প্রধান পঞ্চম খলিফা হযরত মির্যা মসরুর আহমদ (আই.) আজ দিনের শুরুতে ব্রাসেল্‌সে সংঘটিত সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা জ্ঞাপন করেন।

লন্ডন থেকে প্রতিক্রিয়া প্রদানকালে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:



“ব্রাসেল্‌সে সংঘটিত বর্বর সন্ত্রাসী হামলার পরিশ্রোক্ষিতে নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের পক্ষ থেকে বেলজিয়ামের জনগণের প্রতি আমি আমার সুগভীর সহানুভূতি ও সমবেদনা জানাচ্ছি। এরূপ জঘন্য এবং নিতান্তই অমানবিক আক্রমণসমূহের অবশ্যই সম্ভাব্য জোরাল উপায়ে নিন্দা জানাতে হবে। ইসলাম কোন পরিস্থিতিতেই যেকোন প্রকার সন্ত্রাসবাদ অথবা নির্দোষ মানুষদের হত্যার অনুমতি দেয় না। বরং পবিত্র কুরআন বলে যে, এমনকি একজন নির্দোষ ব্যক্তিকে হত্যা করা সমগ্র মানবজাতিকে হত্যার সদৃশ। সুতরাং, যারা ইসলামের নামে এরূপ নৃশংসতা চালায় তারা কখনোই এর সপক্ষে কোন যৌক্তিকতা খুঁজে পাবে না। তারা ইসলামের অবমাননা করেছে এবং বিশ্বের শান্তি বিনষ্ট করেছে।

যারা এই আক্রমণের শিকার আর যারা আক্রান্ত হয়েছে তাদের সকলের জন্য রইল আমাদের হৃদয় নিংড়ানো প্রার্থনা। এই কুচক্রের অপরাধীদের শীঘ্রই বিচারের আওতায় আনা হোক।”